দৈনিক জনকণ্ঠ

৪

তারিখ 31 DEC 1995

পৃষ্ঠা ৩ কলাম ৪

# লন্ডনের স্কুল ॥ বাঙালি ছাত্ররা মারপিটের শিকার

গোলাম কাদের, লন্ডন থেকে

পূর্ব লন্ডনের স্কুলগুলোতে বাঙালি ছেলে-মেয়েরা সবচেয়ে বেশি 'বুলিং' বা মারপিটের শিকার। শ্বেতাঙ্গ সহপাঠীরা প্রায়ই তাদের মারধর করে থাকে। ব্রিটিশ হোম অফিসের এক রিপোর্টে এই চাঞ্চল্যকর তথ্য পাওয়া গেছে।

লন্ডন ও লিভারপুলের কয়েকটি স্কুলে বুলিং সম্বন্ধে দু'বছর ধরে এক জরিপ চালিয়ে গবেষকরা দেখেছেন যে, কমিউনিটির মধ্যে বর্ণ সম্পর্কের উত্তেজনা স্কুলেও ছড়িয়ে পড়েছে। তারা পূর্ব লন্ডনে আর লিভারপুলের চারটি স্কুল পরিদর্শন করে এই জরিপের তথ্য সংগ্রহ করেছেন।

তাঁদের রিপোর্টে বলা হয়, বাঙালি আর কালো শিক্ষার্থীরা সাদা শিক্ষার্থীদের চাইতে আনুপাতিকভাবে অত্যন্ত বেশি করে ঐ ধরনের মারপিটের শিকার হয়ে থাকে। পূর্ব লন্ডনের স্কুলে বাঙালি শিক্ষার্থীদের ওপর এ ধরনের হামলার ঘটনা বেশি বলে দেখা গেছে।

হোম অফিসের ঐ জরিপে আরও দেখা গেছে, স্কুলের প্রাক্তন শিক্ষার্থীরা যখন স্কুলের গেটের সামনে ঘোরাফেরা করে তখন স্কুলের পরিবেশ আরও খারাপ হয়। এর ফলে স্কুলের স্টাফ ও শিক্ষার্থীদের নিরাপত্তা সম্বন্ধে তাদের আস্থা ক্ষুণ্ন হয় বলে রিপোর্টে মন্তব্য করা হয়েছে।

রিপোর্টে বলা হয়, বর্ণবাদী মারপিট বা বুলিং বন্ধ করা সবচাইতে কঠিন, যদিও ঐ ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি অর্জন সম্ভব হয়েছে বলে হোম অফিসের গবেষকরা দাবি করেছেন।

স্কুলের বুলিং বন্ধ করা গোড়াতেই সম্ভব বলে তাঁরা বলছেন যদি কতগুলো পদক্ষেপ, যেমন খেলার মাঠে আরও ভাল তদারকির ব্যবস্থা এবং বুলিং-এর শিকার ও হামলাকারীদের বাবা-মা কিংবা অভিভাবকদের মধ্যে আলোচনার ব্যবস্থা করা যায়।